বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

অতিরিক্ত মহাপরিচালক
(পরিকল্পনা, নকশা ও গবেষণা) এর দপ্তর
পানি ভবন, লেভেল-৪, ব্লক-বি,
৭২ গ্রীন রোড, ঢাকা-১২০৫
ফোনঃ ০২-২২২২৩০০৪০-৪২

adgpl.bwdb@gmail.com

Office of the Additional Director General
(Planning, Design & Research)
Pani Bhaban, Level-4, Block-B,
72 Green Road, Dhaka-1205.
Phone: 02-222230040-42

স্মারক নং-৪২.০১.০০০০.০৩২.০৬.০০১.২৫- ২২ তারিখ: ০৭/০৪/২০২৫ খ্রি:

## দপ্তরাদেশ

বোর্ড সচিবালয়ের স্মারক নং-৪২.০১.০০০০.০৪.১৮.০৪৮.২৫-৭২ তারিখ: ০৯/০৩/২০২৫ খ্রি. মোতাবেক বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড পরিচালনা পরিষদের ৪৮তম সভায় গৃহীত সিদ্ধান্ত ক্রমমান (খ), (ঘ) ও (ঙ) অনুযায়ী ফ্ল্যাশ ফ্লাডের বিষয়ে রিয়েল টাইম ডাটা পাওয়ার ক্ষেত্রে পরিচালনা পরিষদের সম্মানিত সদস্য জনাব ড. এ, কে, এম সাইফুল ইসলাম-কে অন্তর্ভুক্ত করে আগামী বর্ষা মৌসুমকে লক্ষ্য রেখে রিয়েল টাইম ডাটা পাওয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়। সে প্রেক্ষিতে ফ্ল্যাশ ফ্লাডের বিষয়ে রিয়েল টাইম ডাটা পাওয়ার ক্ষেত্রে বিভিন্ন Option অনুসন্ধানের লক্ষ্যে বোর্ড হতে একটি কমিটি গঠন করার সিদ্ধান্ত হয়েছে। এমতাবস্থায়, বর্নিত ফ্ল্যাশ ফ্লাডের বিষয়ে রিয়েল টাইম ডাটা পাওয়ার ক্ষেত্রে বিভিন্ন Option অনুসন্ধানের লক্ষ্যে বহিঃসদস্যসহ বাপাউবো'র নিম্নেবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে একটি কমিটি গঠন করা হলো।

| ক্র: নং | কর্মকর্তাগণের পদবী ও দপ্তর | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ১। | প্রধান প্রকৌশলী, পানি বিজ্ঞান, বাপাউবো, ঢাকা। | আহবায়ক |
| ২। | ড. এ. কে. এম সাইফুল ইসলাম, অধ্যাপক, আইডাব্লিওএফএম, বুয়েট, ঢাকা। | সদস্য |
| ৩। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ভূপরিস্থ পানি বিজ্ঞান সার্কেল, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৪। | নির্বাহী প্রকৌশলী, বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৫। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পানি বিজ্ঞান তথ্য ও বন্যা পূর্বাভাস সার্কেল, বাপাউবো, ঢাকা। | সদস্য-সচিব |

কমিটির কার্যপরিধি:

ক) কমিটি ফ্ল্যাশ ফ্লাডের বিষয়ে রিয়েল টাইম ডাটা (পানিসমতল, বারিপাত) পাওয়ার ক্ষেত্রে শুধু ভারতের উপর নির্ভর না করে স্যাটেলাইটসহ অন্যান্য উৎস হতে তথ্য সংগ্রহের ব্যাপারে সুপারিশ প্রদান করবেন;

খ) বিভিন্ন উৎস হতে রিয়েল টাইম ডাটা (পানিসমতল, বারিপাত) পাওয়ার ক্ষেত্রে আসন্ন বর্ষা মৌসুমকে লক্ষ্য করে কাজ শুরু করবেন;

গ) বাপাউবো'র বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্রকে আরও শক্তিশালী ও যুগোপোযোগী করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সুপারিশ করবেন;

ঘ) কমিটি প্রয়োজনে বাপাউবো'র অভ্যন্তরে বা বহিঃসংস্থা হতে সংশ্লিষ্ট কোন ব্যক্তিকে কো-অপ্ট করতে পারবেন;

ঙ) কমিটি মাসে অন্তত একটি সভা করবেন এবং সভার কার্যবিবরণীসহ অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করবেন;

চ) কমিটি সুপারিশসমূহ পরবর্তী কার্যক্রমের জন্য বাপাউবো'র অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা) মহোদয় বরাবর প্রেরণ করবেন;

ছ) বিবিধ।

২। কমিটির কোন কর্মকর্তা অন্যত্র বদলী বা গমন করলে তার স্থলাভিষিক্ত কর্মকর্তা উক্ত কমিটির সংশ্লিষ্ট পদে প্রতিস্থাপিত হবেন এবং কার্যক্রম পরিচালনা করবেন।

৩। কমিটি পরবর্তী ৭(সাত) দিনের মধ্যে অগ্রগতি প্রতিবেদন মাননীয় উপদেষ্টা, পানি সম্পদ মন্ত্রণালয় ও সভাপতি, বাপাউবোর্ড পরিচালনা পরিষদ মহোদয় বরাবর উপস্থাপনের জন্য ০৩(তিন) প্রস্থে অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা) মহোদয়ের দপ্তরে দাখিল করবেন।

মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

০৭/০৪/২০২৫ খ্রি.

(সজল কুমার রায়)
নির্বাহী প্রকৌশলী (পুর) (চ. দা.)
অতিঃ মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা) এর দপ্তর,
বাপাউবো, ঢাকা।

স্মারক নং-৪২.০১.০০০০.০৩২.০৬.০০১.২৫- ২২ তারিখ: ০৭/০৪/২০২৫ খ্রি:

**অনুলিপি আদিষ্টমতে সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :**

১। প্রধান প্রকৌশলী (পুর), পানি বিজ্ঞান, বাপাউবো, ঢাকা।
২। ড. এ. কে. এম সাইফুল ইসলাম, অধ্যাপক, আইডাব্লিওএফএম, বুয়েট, ঢাকা।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ভূপরিস্থ পানি বিজ্ঞান সার্কেল, বাপাউবো, ঢাকা।
৪। নির্বাহী প্রকৌশলী, বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র, বাপাউবো, ঢাকা।
৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পানি বিজ্ঞান তথ্য ও বন্যা পূর্বাভাস সার্কেল, বাপাউবো, ঢাকা। ইমেইল: sehffc.bwdb@gmail.com

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :**

১। প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা, বাপাউবো, ঢাকা।
২। পরিচালক, বোর্ড সচিবালয়, বাপাউবো, ঢাকা।
৩। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। বাপাউবো'র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।
৫। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/ পূর্ব রিজিয়ন/ পশ্চিম রিজিয়ন) এর দপ্তর, বাপাউবো, ঢাকা।
৬। অফিস কপি।

০৭/০৪/২০২৫ খ্রি.
(সজল কুমার রায়)
নির্বাহী প্রকৌশলী (পুর) (চ. দা.)
অতিঃ মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা) এর দপ্তর,
বাপাউবো, ঢাকা।